

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী শাখা
ঢাকা

১৯.০০.০০০০.২১৫.৭৫.০১০.১০/২৪

২০ জানুয়ারি ২০২০

প্রেরক : মো. আরিকুজ্জামান তিয়াষ
সহকারী সচিব (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলী)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
১ম ১২-তলা সরকারি ভবন, (৯ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা

বিষয় : আগামী ২১-২৪ জানুয়ারি ২০২০ তারিখে সুইজারল্যান্ডের Davos-Klosters-এ অনুষ্ঠিতব্য World Economic Forum (WEF)-এর বার্ষিক সম্মেলনে অংশগ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ-এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে ২১-২৪ জানুয়ারি ২০২০ তারিখে সুইজারল্যান্ডের Davos-Klosters-এ অনুষ্ঠিতব্য World Economic Forum (WEF)-এর বার্ষিক সম্মেলনে অংশগ্রহণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ-এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের অনুকূলে সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছে-

ক. জনাব সজীব আহমেদ ওয়াজেদ - দলনেতা
মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা
খ. জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি - সদস্য
মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়

২। উপর্যুক্ত সম্মেলনে যোগদানের জন্য বাংলাদেশ প্রতিনিধিদল আগামী ২০ জানুয়ারি ২০২০ বা তার নিকটবর্তী সময়ে ঢাকা বা নিজ কর্মস্থল ত্যাগ করবেন এবং উপর্যুক্ত সম্মেলনে যোগদান শেষে আগামী ২৫ জানুয়ারি ২০২০ বা এর নিকটবর্তী সময়ে ঢাকায় বা নিজ কর্মস্থলে প্রত্যাবর্তন করবেন।

৩। উপর্যুক্ত সম্মেলনে অংশগ্রহণ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

৪। বর্ণিত সম্মেলনে উক্ত কর্মকর্তাদের অংশগ্রহণ ও ভ্রমণকাল সরকারী কাজে কর্তব্যরত হিসেবে গণ্য হবে।

৫। এই সফরে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(মো. আরিকুজ্জামান তিয়াষ)
সহকারী সচিব
ফোন : ৪৭১১০৬৪২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব সজীব আহমেদ ওয়াজেদ, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা
০২. জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়
০৩. পরিচালক (অর্থ/সংস্থাপন/এফএমও/এসএমও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৪. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৫. সিনিয়র সহকারী/সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৬. এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
০৭. বাংলাদেশ মিশন, জেনেভা

20.01.20
(মো. আরিকুজ্জামান তিয়াষ)
সহকারী সচিব